

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়  
বিপ্র-০৭ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.most.gov.bd](http://www.most.gov.bd)

নম্বর: ৩৯.০০.০০০০.০০০.২০৭.০২.০০১.২৫.০৮

তারিখ: ৩০ পৌষ ১৪৩২  
১৪ জানুয়ারি ২০২৬

বিষয়: ২০২৫-২০২৬ অর্থবছরে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (এনএসটি) ফেলোশিপে চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের বিল দাখিলের নির্দেশনাবলী।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ অর্থবছরে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (এনএসটি) ফেলোশিপে চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের বিল দাখিলের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনাবলী আবশ্যিকভাবে পূরণপূর্বক বিল দাখিলের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- (ক) বিল দাখিলকারী ফেলোর নাম ও জন্ম তারিখ জাতীয় পরিচয়পত্রের (এনআইডি) সাথে মিল থাকতে হবে।
- (খ) নির্দিষ্ট বিল ফর্ম পূরণ করে গবেষণা তহাবধায়কের স্বাক্ষর ও সিল গ্রহণপূর্বক বিল সাবমিট করতে হবে।
- (গ) মোবাইল নম্বর আবশ্যিকভাবে জাতীয় পরিচয়পত্রের (এনআইডি) বিপরীতে নিবন্ধিত হতে হবে।
- (ঘ) জন্ম সনদ বা অন্য কোন ডকুমেন্টের ব্যবহার গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।
- (ঙ) প্রদত্ত ব্যাংক একাউন্ট বাংলাদেশের যেকোন তফসিল ব্যাংকের হতে হবে। ব্যাংক একাউন্টে প্রদত্ত নাম, মোবাইল নম্বর জাতীয় পরিচয়পত্রের (এনআইডি) বিপরীতে হতে হবে।
- (চ) ব্যাংকের চেক বইয়ের প্রথম পাতা আপলোড করতে হবে। আপলোডের সময় ব্যাংকের একাউন্ট নম্বর, রাউটিং নম্বর ও শাখার নাম স্পষ্ট থাকতে হবে।

ফেরদৌস আহাম্মদ  
উপসচিব

ফোন: ৯৫১৫৪৩৩

E-mail:st7@most.gov.bd

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিবের একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রোগ্রামার, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব, বিপ্র অনুবিভাগ এর ব্যক্তিগত কর্মকর্তা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। যুগ্মসচিব (বিপ্র-২ অধিশাখা) এর ব্যক্তিগত কর্মকর্তা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। অফিস কপি।